অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/10/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো এবং 11 গভর্নর চিঠি দিয়ে কেন্দ্রীয় সরকার সংবেদশীল বন্দুক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করার আহ্বান জানাচ্ছে

লাল পতাকা আইন, ইউনিভার্সাল ব্যাকগ্রাউন্ড চেক, আক্রমনাত্মক অস্ত্র এবং উচ্চ ক্ষমতাসম্পন্ন ম্যাগাজিন নিষেধাজ্ঞা, কঠিন রিপোর্টিং প্রয়োজনীয়তাসহ আইনের দাবি

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো এবং ক্যালিফোর্নিয়ার গভর্নর, কানেকটিকাট, জুড়ে, ইলিনয়, মিশিগান, নিউ জার্সি, নিউ মেক্সিকো, ওরেগন, পেনসিলভেনিয়া, রোড আইল্যান্ড, ওয়াশিংটন আজ প্রেসিডেন্ট ট্রাম্প এবং সেনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা মিচ ম্যাককনেল-কে একটি চিঠি দিয়ে বিচক্ষণভাবে বন্দুকের নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করার আহ্বান জানান। গভর্নররা কেন্দ্রীয় সরকারের কাছে সাধারণ জ্ঞানের আইন, যার মধ্যে আছে লাল পতাকা আইন, যারা নিজেদের বা অন্যদের কাছে ঝুঁকিপূর্ণ বা আগ্নেয়াস্ত্র ক্রয় করা থেকে বিরত রাখে; ইউনিভার্সাল ব্যাকগ্রাউন্ড চেক,, ব্যক্তিগত বন্দুক বিক্রয় সুযোগ বন্ধসহ; আক্রমণ অস্ত্র এবং উচ্চ ক্ষমতাসম্পন্ন ম্যাগাজিন উপর নিষেধাজ্ঞা; এবং কঠিন রিপোর্টিং প্রয়োজনীয়তা দাবি করে যা একজন মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞ দ্বারা নিজেদের বা অন্যদের বিপদজনক হতে পারে এমন আগ্নেয়াস্ত্র ক্রয় থেকে বিরত রাখতে পারে।

চিঠিটির সম্পূর্ণ বার্তা নিম্নরূপ:

প্রাপক: মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড জে. ট্রাম্প

Cc: সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা, মাননীয় মিচ ম্যাককনেল

আমাদের দেশ গিলরয়, এল পাসো, ডেটন, ফিলাডেলফিয়া এবং ওডেসা-এর মর্মান্তিক ঘটনার শোক পালন করেছে। এই পাঁচটি অহেতুক এবং ভয়াবহ ঘটনা অন্তত 34 জনের জীবন নিয়েছে,ডজনখানেক আহত হয়েছে, এবং অগণিত মানুষের মধ্যে মানসিক বিপর্যয় সৃষ্টি করেছে। দুর্ভাগ্যবশত, এই ক্ষতি সাম্প্রতিক বন্দুক সংক্রান্ত মৃত্যুর সামান্য হিসাব। 2019-সালে 10,000 জনের বেশি মানুষকে গুলি করে হত্যা করা হয়েছে এবং গত দুই সপ্তাহে শুধু বন্দুকের গুলিতে 570 জন নিহত হয়েছেন। চিন্তা ও প্রার্থনা এই বিরক্তিকর প্রবণতা ঠিক করবে না। যথেষ্ট হয়েছে।

জননিরাপত্তা সরকারের প্রথম ও সবচেয়ে গুরুত্বপূর্ণ দায়িত্ব, এবং জনগণকে রক্ষার করার ব্যর্থতা নেতৃত্বের ব্যর্থতা। গভর্নর হিসেবে আমাদের দায়িত্ব আমাদের কমিউনিটির আহ্বান শোনা। তবে রাষ্ট্রীয় আইনের জোড়াতালি কখনোই সুসংহত জাতীয় নীতির বিকল্প হতে পারে না।

আমেরিকার জনসাধারণের দাবিতে কেন্দ্রীয় সরকারের বন্দুক সংশ্লিষ্ট সমস্যা সংস্কারে কাজ করার ইতিহাস রয়েছে। 1934 সালে কেন্দ্রীয় সরকার মেশিনগান নিয়ন্ত্রন করেন। 1968 সালে কেন্দ্রীয় সরকার মেইল অর্ডারে বন্দুক বিক্রিতে নিষেধাজ্ঞা জারি করে। 1994 সালে কেন্দ্রীয় সরকার আক্রমণাত্মক অস্ত্রের উপর 10বছরের নিষেধাজ্ঞা কার্যকর করে। আমেরিকানরা আবার তাদের সরকারকে কাজ করার আহ্বান জানাচ্ছে, এবং এতে সাড়া সেওয়ার সময় হয়েছে।

বন্দুক সংশ্লিষ্ট সহিংসতার অবসান টানো কোনো রিপাবলিকান বা ডেমোক্রেটিক ইস্যু নয়, এটি একটি আমেরিকান ইস্যু। বন্দুকের মৃত্যু প্রথা হতে পারে না। এখনই সময় চারটি সাধারণ জ্ঞানের ব্যবস্থার মাধ্যমেএই চক্র ভাঙার। আমরা আপনাকে কংগ্রেসের সাথে কাজ করেবিচক্ষণভাবে বন্দুক আইন পাস করার জন্য অনুরোধ করছি যা নিম্নলিখিত চারটি নীতি রয়েছে যা অধিকাংশ আমেরিকান সমর্থন করে:

1. চরম ঝুঁকির সুরক্ষা আদেশ আইন পাস, যা সাধারণভাবে লাল পতাকা আইন হিসাবে উল্লেখ করা, যেটি কোন ব্যক্তিকে বাধা দেয় যিনি একটি আগ্নেয়াস্ত্র ক্রয় বা রাখার মাধ্যমে নিজেদের বা অন্যদের ঝুঁকিতে ফেলে।
2. ব্যক্তিগত বন্দুক বিক্রয় প্রক্রিয়া বন্ধ করার জন্য ইউনিভার্সাল ব্যাকগ্রাউন্ড চেক পাশ করা
3. বেআইনি অস্ত্রশস্ত্র ও উচ্চ ক্ষমতা সম্পন্ন ম্যাগাজিন বহষ্কার করা
4. একটি মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞ দ্বারা নিজেদের বা অন্যদের বিপদজনক হতে পারে এমন আগ্নেয়াস্ত্র ক্রয় থেকে বিরত রাখতে পারে।

আমেরিকার জনগণ প্রদক্ষেপ সমর্থন করে। আমরা তাই করি।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন